একই নম্বর ও তারিখে স্থলাভিষিক্ত
গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
শিক্ষা মন্ত্রণালয়
শাখা-৯ (কলেজ-৪)
website:www.moedu.gov.bd

৩৭.০০.০০০০.০৭০.০২.০৩৩.২০১৫-৬৭৮

তারিখ: ২৯ বৈশাখ ১৪২৩ বঙ্গাব্দ / ১২ মে ২০১৬ খ্রিস্টাব্দ

## প্রজ্ঞাপন

শিক্ষা মন্ত্রণালয় এবং মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তরের আওতাধীন ১৬টি গভঃ কমার্শিয়াল ইনস্টিটিউটকে যুগোপযোগী করণের লক্ষ্যে বর্তমান নাম পরিবর্তন করে কলাম - ৩ এর অনুরূপ নামকরণ করে, কলাম ৪ - এ বর্ণিত বোর্ডের অধীনে ন্যস্ত করা হলো ।

| ক্র:নং | প্রতিষ্ঠানের পুরাতন নাম | প্রতিষ্ঠানের নতুন নাম | শিক্ষা বোর্ডের নাম |
|---|---|---|---|
| ১ | ২ | ৩ | ৪ |
| ০১. | ঢাকা গভঃ কমার্শিয়াল ইনস্টিটিউট | মোহাম্মদপুর সরকারি কলেজ, ঢাকা। | ঢাকা শিক্ষা বোর্ড |
| ০২ | ফরিদপুর গভঃ কমার্শিয়াল ইনস্টিটিউট | ফরিদপুর সরকারি কলেজ, ফরিদপুর। | ঢাকা শিক্ষা বোর্ড |
| ০৩ | ময়মনসিংহ গভঃ কমার্শিয়াল ইনস্টিটিউট | ময়মনসিংহ সরকারি কলেজ, ময়মনসিংহ। | ঢাকা শিক্ষা বোর্ড |
| ০৪ | খুলনা গভঃ কমার্শিয়াল ইনস্টিটিউট | খুলনা সরকারি কলেজ, খুলনা। | যশোর শিক্ষা বোর্ড |
| ০৫ | যশোর গভঃ কমার্শিয়াল ইনস্টিটিউট | যশোর সরকারি কলেজ, যশোর। | যশোর শিক্ষা বোর্ড |
| ০৬ | কুষ্টিয়া গভঃ কমার্শিয়াল ইনস্টিটিউট | কুষ্টিয়া সরকারি সিটি কলেজ, কুষ্টিয়া। | যশোর শিক্ষা বোর্ড |
| ০৭ | রাজশাহী গভঃ কমার্শিয়াল ইনস্টিটিউট | বরেন্দ্র সরকারি কলেজ, রাজশাহী। | রাজশাহী শিক্ষা বোর্ড |
| ০৮ | পাবনা গভঃ কমার্শিয়াল ইনস্টিটিউট | পাবনা সরকারি কলেজ, পাবনা। | রাজশাহী শিক্ষা বোর্ড |
| ০৯ | বগুড়া গভঃ কমার্শিয়াল ইনস্টিটিউট | বগুড়া সরকারি কলেজ, বগুড়া। | রাজশাহী শিক্ষা বোর্ড |
| ১০ | রংপুর গভঃ কমার্শিয়াল ইনস্টিটিউট | রংপুর সরকারি সিটি কলেজ, রংপুর। | দিনাজপুর শিক্ষা বোর্ড |
| ১১ | দিনাজপুর গভঃ কমার্শিয়াল ইনস্টিটিউট | দিনাজপুর সরকারি সিটি কলেজ, দিনাজপুর। | দিনাজপুর শিক্ষা বোর্ড |
| ১২ | কুমিল্লা গভঃ কমার্শিয়াল ইনস্টিটিউট | কুমিল্লা সরকারি সিটি কলেজ, কুমিল্লা । | কুমিল্লা শিক্ষা বোর্ড |
| ১৩ | ফেনী গভঃ কমার্শিয়াল ইনস্টিটিউট | মহিপাল সরকারি কলেজ, ফেনী। | কুমিল্লা শিক্ষা বোর্ড |
| ১৪ | বরিশাল গভঃ কমার্শিয়াল ইনস্টিটিউট | আলেকান্দা সরকারি কলেজ, বরিশাল। | বরিশাল শিক্ষা বোর্ড |
| ১৫ | সিলেট গভঃ কমার্শিয়াল ইনস্টিটিউট | শাহপরান সরকারি কলেজ, সিলেট। | সিলেট শিক্ষা বোর্ড |
| ১৬ | চট্টগ্রাম গভঃ কমার্শিয়াল ইনস্টিটিউট | বাকলিয়া সরকারি কলেজ, চট্টগ্রাম। | চট্টগ্রাম শিক্ষা বোর্ড |

২। বর্ণিত কলেজসমূহে সংশ্লিষ্ট শিক্ষা বোর্ড এর অধীনে এইচ.এস.সি (ব্যবসায় শিক্ষা, মানবিক ও বিজ্ঞান) বিভাগ খোলার অনুমতি প্রদান করা হলো ।

৩। এ আদেশ অবিলম্বে কার্যকর হবে ।

রাষ্ট্রপতির আদেশক্রমে

(নাছিমা খানম)
সিনিয়র সহকারী সচিব
ফোন: ৯৫৭৭৪২৫

৩৭.০০.০০০০.০৭০.০২.০৩৩.২০১৫-৬৭৮/১(১৪)

তারিখ: ২৯ বৈশাখ ১৪২৩ বঙ্গাব্দ / ১২ মে ২০১৬ খ্রিস্টাব্দ

অনুলিপি অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য প্রেরণ করা হলো:

১। মন্ত্রিপরিষদ সচিব, মন্ত্রিপরিষদ বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
২। মুখ্য সচিব, প্রধানমন্ত্রীর কার্যালয়, পুরাতন সংসদ ভবন, তেজগাঁও, ঢাকা।
৩। সিনিয়র সচিব, জনপ্রশাসন মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
৪। সিনিয়র সচিব, অর্থ বিভাগ, অর্থ মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
৫। মহাপরিচালক, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তর, শিক্ষা ভবন, ঢাকা।
৬। চেয়ারম্যান, ঢাকা/যশোর/রাজশাহী/কুমিল্লা/দিনাজপুর/বরিশাল/সিলেট ও চট্টগ্রাম ।
৭। মাননীয় মন্ত্রীর একান্ত সচিব, শিক্ষা মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা ।
৮। পরিচালক, ব্যানবেইস, নীলক্ষেত, পলাশী, ঢাকা।
৯। প্রধান হিসাব রক্ষণ কর্মকর্তা,শিক্ষা মন্ত্রণালয়, ৪৫ পুরানা পল্টন, ঢাকা ।
১০। সচির এর একান্ত সচিব, শিক্ষা মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা ।
১১। উপ-পরিচালক, বাংলাদেশ সরকারী মুদ্রণালয়, তেজগাঁও, ঢাকা
(প্রজ্ঞাপনটি বাংলাদেশ গেজেটের পরবর্তী সংখ্যায় প্রকাশের অনুরোধসহ)।
১২। সিনিয়র সিস্টেম এনালিষ্ট, শিক্ষা মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা ।
(মন্ত্রণালয়ের ওয়েব সাইটে প্রকাশের অনুরোধসহ)
১৩। অধ্যক্ষ, গভঃ কমার্শিয়াল ইনস্টিটিউট,ঢাকা/যশোর/রাজশাহী/পাবনা/বগুড়া/ময়মনসিংহ/রংপুর/ফেনী/
কুষ্টিয়া/খুলনা/ফরিদপুর/ কুমিল্লা/দিনাজপুর/ বরিশাল/সিলেট ও চট্টগ্রাম ।
১৪। যুগ্ম-সচিব (কলেজ) এর ব্যক্তিগত কর্মকর্তা, শিক্ষা মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা ।
১৫। গার্ড ফাইল।

২২/০৫/২০১৬
(নাছিমা খানম)
সিনিয়র সহকারী সচিব

# মাধ্যমিক ও উচ্চমাধ্যমিক শিক্ষা বোর্ড, সিলেট

Web-www.sylhetboard.gov.bd

স্মারক নং ঃ সিশিবো/কঃ শাঃ/প্রাঃ অঃ/২০১৬/ ১৭৭ তারিখ ঃ ২২/০৫/২০১৬ খ্রিঃ

বিষয় ঃ একাদশ শ্রেণিতে পাঠদানের প্রাথমিক অনুমতি প্রদান প্রসঙ্গে।

সূত্র ঃ ৩৭.০০.০০০০.০৭০.০২.০৩৩.২০১৫-৬৭৮, তারিখঃ ১২-০৫-২০১৬ খ্রিঃ।

উপর্যুক্ত বিষয় ও সূত্রের প্রেক্ষিতে নির্দেশক্রমে জানানো যাচ্ছে যে, তাঁর প্রতিষ্ঠানে ০১-০৭-২০১৬ খ্রিঃ থেকে (২০১৬-১৭ শিক্ষাবর্ষ) একাদশ শ্রেণিতে নিম্নলিখিত শাখা ও বিষয়সমূহে শিক্ষার্থী ভর্তি ও পাঠদানের প্রাথমিক অনুমতি প্রদান করা হলো।

| | | | | | |
|---|---|---|---|---|---|
| আবশ্যিক বিষয় | ঃ ১। বাংলা | ২। ইংরেজি | ৩। তথ্য ও যোগাযোগ প্রযুক্তি | | |
| বিজ্ঞান শাখার বিষয়সমূহ | ঃ ১। পদার্থবিজ্ঞান | ২। রসায়ন | ৩। জীববিজ্ঞান | ৪। উচ্চতর গণিত | |
| মানবিক শাখার বিষয়সমূহ | ঃ ১। পৌরনীতি ও সুশাসন | ২। অর্থনীতি | ৩। সমাজবিজ্ঞান | ৪। ভূগোল | ৫। ইতিহাস। |
| ব্যবসায় শিক্ষা শাখার বিষয়সমূহ | ঃ ১। হিসাববিজ্ঞান | ২। ব্যবসায় সংগঠন ও ব্যবস্থাপনা | | | |
| | ৩। উৎপাদন ব্যবস্থাপনা ও বিপণন | ৪। ফিনান্স ব্যাংকিং ও বিমা। | | | |

তাঁর অবগতির জন্য আরও জানানো যাচ্ছে যে, নিম্নলিখিত শর্তসমূহ যথাযথভাবে পূরণ করার পর দ্বাদশ শ্রেণিতে শিক্ষার্থী ভর্তি ও পাঠদানের অনুমতি প্রদানের বিষয়টি বিবেচনা করা হবে।

শর্তসমূহ ঃ

১। সরকারি কলেজের জন্য প্রযোজ্য সকল নীতিমালা মেনে চলতে হবে এবং শিক্ষা মন্ত্রণালয়, অত্র শিক্ষা বোর্ড ও যথাযথ কর্তৃপক্ষ কর্তৃক জারীকৃত সকল বিধিবিধান অবশ্যই কঠোরভাবে পালন করতে হবে।
২। বিধি মোতাবেক কাম্য সংখ্যক শিক্ষার্থী ভর্তি করতে হবে।
৩। উন্নত প্রযুক্তি সুবিধাসম্বলিত কম্পিউটার ল্যাব স্থাপন করে অত্র শিক্ষা বোর্ডকে অবহিত করতে হবে।
৪। ঝরে পড়া রোধকল্পে ভর্তিকৃত শিক্ষার্থীদের শতভাগ এইচ এস সি পরীক্ষায় অংশগ্রহণ নিশ্চিত করতে হবে।
৫। শিক্ষা প্রতিষ্ঠানে শিক্ষার্থী-শিক্ষক-অভিভাবক সমন্বয়ে "জঙ্গীবাদ প্রতিরোধ ও প্রতিকার" সমাবেশ অনুষ্ঠানের মাধ্যমে জঙ্গীবিরোধী সচেতনতা সৃষ্টি করতে হবে।
৬। যথাযথভাবে পাঠ পরিকল্পনা প্রণয়ন ও প্রয়োগের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করতে হবে।
৭। উচ্চ মাধ্যমিক শ্রেণি উপযোগী পাঠাগার স্থাপন করতে হবে এবং শিক্ষার্থীদের লাইব্রেরিতে অনুশীলনের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করতে হবে।
৮। মাল্টিমিডিয়া প্রজেক্টরসহ শ্রেণিকক্ষে আধুনিক শিক্ষা উপকরণ ব্যবহার করতে হবে।
৯। সুদক্ষ রোভার স্কাউট ও রেঞ্জার গাইড দল গঠন করতে হবে এবং নিয়মিতভাবে প্রশিক্ষনের ব্যবস্থা করতে হবে।
১০। কলেজের নামে একটি ওয়েব সাইট ও ই-মেইল খুলে বোর্ডকে অবহিত করতে হবে।
১১। পরিকল্পনা মাফিক কলেজ ক্যাম্পাসে ফলজ, বনজ ও ঔষধি বৃক্ষ রোপন এবং পরিচর্যা করতে হবে।
১২। সরকার ও যথাযথ কর্তৃপক্ষ প্রয়োজন মনে করলে যে কোন সময় যে কোন শর্ত আরোপ করতে পারে।
১৩। ধর্মীয় ও সামাজিক মূল্যবোধের সাথে সাংঘর্ষিক কোন কার্যক্রম পরিচালনা করা যাবে না।
১৪। সরকার ও যথাযথ কর্তৃপক্ষ উপযুক্ত কারণ মনে করলে যেকোন সময় এ অনুমতি বাতিল বা স্থগিত করতে পারবে।
১৫। একাদশ শ্রেণি পাঠদান শেষে অত্র শিক্ষা বোর্ড থেকে দ্বাদশ শ্রেণিতে শিক্ষার্থী ভর্তি ও পাঠদানের অনুমতি পত্র গ্রহণ করতে হবে এবং
১৬। এই অনুমতিকে পাঠদানের প্রাথমিক অনুমতি হিসেবে গণ্য করতে হবে, কোন অবস্থাতেই এই অনুমতিকে স্বীকৃতি হিসেবে গণ্য করা যাবে না।

22/05/16

(মোঃ মোস্তফা কামাল আহমদ)
কলেজ পরিদর্শক
মাধ্যমিক ও উচ্চমাধ্যমিক শিক্ষা বোর্ড
সিলেট।
ফোন ঃ ০৮২১-৮৪০০৮৬

প্রাপক ঃ অধ্যক্ষ
শাহপরান সরকারি কলেজ
ডাক ঃ সিলেট
উপজেলা ঃ সিলেট সদর
জেলাঃ সিলেট।

সদয় অবগতির জন্য অনুলিপি প্রেরিত হলো ঃ

১. সচিব, শিক্ষা মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
২. মহাপরিচালক, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তর, বাংলাদেশ, ঢাকা।
৩. পরিচালক, ব্যানবেইস, শিক্ষা মন্ত্রণালয়, ১, সোনারগাঁও রোড (পলাশী-নীলক্ষেত), ঢাকা-১২০৫।
৪. পরীক্ষা নিয়ন্ত্রক, মাধ্যমিক ও উচ্চমাধ্যমিক শিক্ষা বোর্ড, সিলেট।
৫. চেয়ারম্যান মহোদয়ের একান্ত সচিব, মাধ্যমিক ও উচ্চমাধ্যমিক শিক্ষা বোর্ড, সিলেট।